তারিখ ১২।৩।৮০
পৃষ্ঠা ... কলাম ...
000124

## মুসলিম শিক্ষা সম্মেলন সমাপ্ত

# সকল স্তরে ইসলামী শিক্ষা প্রবর্তনের সুপারিশ

প্রাথমিক, মাধ্যমিক ও বিশ্ববিদ্যালয় পর্যন্ত শিক্ষার সকল স্তরে ইসলামী সংস্কৃতি ও সভ্যতা শিক্ষাদানের ব্যবস্থা করার জন্যে ইসলামী দেশগুলোর প্রতি আহবান জানিয়ে গতকাল বুধবার ঢাকায় অনুষ্ঠিত মুসলিম শিক্ষা সংক্রান্ত তৃতীয় বিশ্ব সম্মেলন শেষ হয়েছে।

সপ্তাহব্যাপী অনুষ্ঠিত সম্মেলনে দেশের ও বিদেশের প্রায় ৬০ জন প্রখ্যাত মুসলিম শিক্ষাবিদ অংশ নেন। তারা আগামী বছর থেকে পাঠ্যক্রমে ইসলামী সংস্কৃতি ও সভ্যতা অন্তর্ভুক্ত করার সুপারিশ করেন। আর যেসব দেশে আগামী বছরে অন্তর্ভুক্ত করা সম্ভব নয়, সেসব দেশে তা ধীরে ধীরে অন্তর্ভুক্ত করার সুপারিশ করা হয়। পবিত্র কোরান ও সুন্নাহর ভিত্তিতে টেক্সট বই প্রণয়নেরও সুপারিশ করা হয়।

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## মুসলিম শিক্ষা সম্মেলন

(প্রথম পাতার পর)

### প্রধানমন্ত্রী

মুসলিম শিক্ষা সংক্রান্ত তৃতীয় বিশ্ব সম্মেলনের সমাপ্তি অধিবেশনে ভাষণ দানকালে প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান ইসলামী সংস্কৃতি ধ্বংস করার উদ্দেশ্যে মুসলিম দেশসমূহে বিদেশী এজেন্টদের তৎপরতা সম্পর্কে সবাইকে হুশিয়ার করে দেন।

প্রধানমন্ত্রী শাহ আজিজের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাপ্তি অধিবেশনে অন্যদের মধ্যে সম্মেলনের চেয়ারম্যান অধ্যাপক এসরাজুল হক, কেন্দ্রস্থ বিশ্ব ইসলামী কেন্দ্রের মহাপরিচালক ডঃ সৈয়দ আলী আশরাফ, সৌদি আরবের পেট্রোলিয়াম বিশ্ববিদ্যালয়ের ডঃ জগলুল নাগর শিক্ষা উপদেষ্টা ডঃ মোহাম্মদ সেলিম বক্তৃতা করেন।

বাংলাদেশ আণবিক শক্তি কমিশনের ডাঃ শমসের আলী সম্মেলনের সুপারিশমালা পাঠ করেন।

প্রধানমন্ত্রী শাহ আজিজ বলেন অনেক মুসলিম দেশের মতোই বাংলাদেশ উত্তরাধিকার সূত্রে ঔপনিবেশিক শিক্ষা ব্যবস্থা পেয়েছে। তবে আমাদের শিক্ষা ব্যবস্থাকে ইসলামীকরণের উদ্দেশ্যে একটি কর্মসূচী নেয়া হয়েছে।

খবর এনা পরিবেশিত।